Manaksia Coated Metals & Industries Limited

Corporate Identiy Number: L27100WB2010PLC144409

Regd. Office :
8/1, Lal Bazar Street, Bikaner Building
3rd Floor Kolkata - 700 001, India.
Phone : +91 33 22435053 / 54 / 6055
Email : info@mcmil.in
Website: www.manaksiacoatedmetals.com

Sec/Coat/072/FY 2025-26 **Date: 28.10.2025**

The Secretary
BSE Limited
New Trading Wing,
Rotunda Building,
PJ Tower, Dalal Street,
Mumbai- 400001
Scrip Code: 539046

The Manager
National Stock Exchange of India Limited
Exchange Plaza, C-1, Block "G"
5th floor, Bandra Kurla Complex,
Bandra East,
Mumbai- 400051
Symbol: MANAKCOAT

Dear Madam/Sir,

Sub: Newspaper publication of financial results under Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

With reference to the captioned subject, we would like to inform you that in accordance with Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Company has published in all editions of Business Standard (English) and Ekdin (Bengali) newspapers of 28th October, 2025 corrigendum to its unaudited financial results for the quarter and half year ended 30th September, 2025.

We are enclosing herewith a copy of each of the aforesaid newspaper Publication

Thanking you,
Yours faithfully,

For Manaksia Coated Metals & Industries Limited

SHRUTI AGARWAL
Digitally signed by SHRUTI AGARWAL
Date: 2025.10.28 11:46:38 +05'30'

Shruti Agarwal
Company Secretary & Compliance Officer
Membership No.: F12124
Encl: as above

30 years, 30 COPs — still counting degrees. Is this where promises go to melt? This two-part series on COP30 tracks how the UN's flagship climate summit lost its direction and what's at stake as it returns to Belém, the Gateway to the Amazon. Part-I revisits how COP drifted from its founding ideals; Part-II will analyse whether India can reclaim lost ground

COP out? The world's climate talks seem stuck in repeat

S DINAKAR
Chandigarh, 27 October

On the eve of the 30th Conference of the Parties (COP30), the United Nations (UN)-led global climate conference in Brazil next month, a veteran participant likened it to a "*mela*" — a grand but "pointless" jamboree of over 40,000 people from across the world: heads of state, diplomats, corporate chiefs, investment bankers, NGOs, activists, students, and protesters, all gathering under one roof for two weeks to discuss the warming of the planet — a crisis that disproportionately hurts developing nations such as India.

To put it mildly, COP has lost its mojo and "needs to go back to its roots", said R R Rashmi, distinguished fellow at The Energy and Resources Institute and a long-time climate negotiator.

The urgency to find technological and financial solutions to contain global temperature rise within 1.5°C above pre-industrial levels could not be greater, as over 150 nations prepare to assemble in Belém (often called Belém of Pará, the capital and largest city of the state of Pará in northern Brazil), bordering the Amazon, from November 10.

"Participation declined at COP29 in Baku, and attendance may fall further at COP30 if the agenda lacks a clear road map with milestones, timelines, and a balance between public and private finance to mobilise the $1.3 trillion needed for mitigation, adaptation, and loss and damage in developing countries," said Abhijeet Sinha, director — ease of doing business, and principal advisor, Services Export Promotion Council, Ministry of Commerce.

A planet near the edge

Belém COP may be defined by three critical events. The world has reached its first climate tipping point, according to the *Global Tipping Points Report 2025*.

Authored by 160 scientists from 87 institutions across 23 countries, the report warns that warm-water coral reefs — on which nearly a billion people and a quarter of all marine life depend

Global warming is perilously close to triggering other catastrophic shifts — from melting ice sheets and the collapse of key ocean currents to Amazon rainforest (*above*) dieback PHOTO: REUTERS

— are now passing their tipping point. Global warming is perilously close to triggering other catastrophic shifts — from melting ice sheets and the collapse of key ocean currents to Amazon rainforest dieback.

"This demands immediate, unprecedented action from leaders at COP30 and policymakers worldwide," said Tim Lenton, professor at the University of Exeter.

Atmospheric carbon dioxide (CO_2) levels reached a record high in 2024, fuelling extreme weather after global heating weakened natural land and ocean "sinks" that absorb CO_2, according to the UN's World Meteorological Organization. The increase in global CO_2 concentration was the highest single-year jump since records began in 1957.

The UN's *State of Wildfires* report found that extreme wildfires released over 8 billion tonnes of CO_2 during the March 2024-February 2025 fire season — more than twice India's annual emissions and covering an area larger than the country itself.

The last time the planet saw comparable CO_2 levels was three to five million years ago, according to *New Scientist*. Methane and nitrous oxide — the second and third most potent greenhouse gases — also hit record highs. Aggravating the situation, the Donald Trump administration scuttled plans by the UN's International Maritime Organization to make shipping the first global industry subject to carbon pricing. Climate negotiators now fear that a fossil fuel-friendly, sceptical Trump administration could derail COP30.

COP30 BRASIL PART-I

From Berlin to Belém: A lost plot

The first COP meeting was held in Berlin in 1995 under the UN Framework Convention on Climate Change (UNFCCC).

"The COPs were always a serious platform for governments and experts to reach consensus on the way forward," said Rashmi, who led Indian delegations at several sessions. "Participation was originally limited to governments and agencies with the technical and scientific capacity to understand the issues."

That changed in 2009 at the Copenhagen summit. "It became a very political exercise," Rashmi said.

Initially, developed nations — mainly the G20 — drove the climate agenda, though obligations rested only with the G8, led by the US. Around 2006-07, Washington declared it would not participate in any future climate regime unless all major economies joined in. The Europeans went further, seeking a legally binding commitment — something the US resisted.

"They wanted developing nations to stand behind their commitments and report their actions. That's how the transparency provision was inserted, which didn't exist in the UNFCCC for developing countries," Rashmi said.

Copenhagen was a turning point for India and other developing nations. Earlier, they had no obligation to take or report climate actions, nor to be held accountable. Developed countries, however, faced international scrutiny. The push was to get China, India, Brazil, South Africa, Indonesia, and Saudi Arabia to accept similar obligations.

India, China, and the G77 resisted. "We agreed to take national actions, but not to be bound by international obligations to reduce emissions," Rashmi said.

Eventually, in 2015 at COP21, both developed and developing countries signed the Paris Agreement, a legally binding international treaty on climate change.

"The Paris Agreement had something for everyone," Rashmi said. "It's legally binding, as the Europeans wanted, but it lets developing nations set their own targets in light of the global goal. It's not a top-down system."

Copenhagen also marked a dramatic shift in participation. Attendance swelled sixfold to 40,000 after European negotiators co-opted civil society to pressure developing nations, Rashmi recalled. By COP28 in Dubai, the number had doubled again.

"This crowd of people is distracting governments from focusing on negotiations," Rashmi said. "Though civil society adds momentum and pushes governments towards higher targets, it also dilutes the negotiating process."

For any real progress to be made, Rashmi added, the COP's structure itself needs revisiting — to separate negotiations from implementation.

IIM Calcutta secures 100% summer placements

BS REPORTER
Kolkata, 27 October

The Indian Institute of Management Calcutta (IIM-C) has completed its summer placements for the 62nd batch of its MBA programme, securing 100 per cent placements, with ₹6 lakh per month as the highest stipend.

A total of 510 offers were given for 470 students. The placement week was conducted in a hybrid mode where multiple cross functional roles were offered by 183 recruiters across a variety of sectors, the institute said in a statement.

The average monthly stipend was ₹1.85 lakh, while the median stood at ₹2 lakh per month. The highest domestic stipend stood at ₹4.5 lakh per month, whereas the highest international stipend stood at ₹6 lakh per month.

The top 5 percentile of the students secured a monthly stipend of ₹3.4 lakh per month. The institute said that it witnessed participation of firms from all major sectors like consulting, finance, FMCG, manufacturing, pharmaceuticals, software and technology, among others.

"While the institute saw strong support from its legacy recruiters, several domestic and global firms participated as first-time recruiters. The alumni base and network of the institute continued to provide endurance to the placement process," it added.

The institute also said that the cluster-cohort placement process that involved various policies such as "dream offer" ensured a better student-recruiter fit, making the overall process a win-win for both recruiters and students.

TECHDIGEST mybs.in/tech

Lava launches Shark 2 4G in India

Lava has introduced its new Shark 2 4G smartphone in India, which is priced at ₹6,999. The device is powered by the UNISOC T7250 processor and comes with a 6.75-inch HD+ display featuring a 120Hz refresh rate. It also houses a 5,000 mAh battery with Type-C charging and will be available through select retail outlets, starting this month.

‘প্রকৃত ভোটার বাদ পড়লে বিজেপিকে আগুনে জ্বালাব’

হুঁশিয়ারি দিয়ে বিতর্কে তৃণমূল বিধায়ক নিশীথ মালিক

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমান জেলার বর্ধমান ২ নং ব্লক তৃণমূল কংগ্রেসের ডাকায় ‘প্রকৃত ভোটারের ভোটাধিকার রক্ষার’ দাবিতে এক বিশাল মিছিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বর্ধমান উত্তরের বিধায়ক নিশীথ মালিক বিজেপির উদ্দেশে হুঁশিয়ারি দিয়ে বলেন, ‘প্রকৃত ভোটার যদি একটাও বাদ যায়, তাহলে আমরা প্রত্যেক বিজেপিকে ধরে ধরে আগুন জ্বালিয়ে দেব।’ তিনি আরও বলেন, ‘বিজেপি বাংলাকে কুলষিত করতে চাইছে, এসআইআর-কে ব্যবহার করে

প্রকৃত ভোটারদের বাদ দিতে চাইছে। বাংলাদেশ থেকে আসা মানুষ, মতুয়া সম্প্রদায়ের অনেকের নাম বাদ দেওয়ার চেষ্টা হবে এই বিষয়ে সতর্ক থাকতে হবে।’ বিধায়ক দলের নেত্রীর উক্তিকে সমর্থন জানিয়ে বলেন, ‘এসআইআর-এর ব্যাপারে আমাদের মাথাব্যথা নেই, তবে আমাদের নেত্রী যা বলেছেন আমরা তাও বলছি।’ তিনি ২৬-এর ভোটে তৃণমূলকে এগিয়ে রাখার আহ্বান জানান।

বিজেপি নেতা মৃত্যুঞ্জয় চন্দ্র বলেন, ‘পশ্চিমবঙ্গে ভুয়ো ভোটার তৃণমূল কংগ্রেস ঢুকিয়ে রেখেছে। যার ফলে ২০২১-এ তাঁরা জিতেছে। আর এটা তাঁরা বুঝতে পেরেছে, তাই আতঙ্কিত হয়ে তৃণমূল নেতারা যেইভাবে বিজেপিকে আক্রমণ করছে। সেটা খুবই দুর্ভাগ্যজনক। বর্ধমান উত্তরের বিধায়ক নিশীথ মালিক বলেছেন যদি প্রকৃত ভোটারের নাম বাদ যায়, তাহলে বিজেপি নেতাদের ধরে ধরে জ্বালিয়ে দেওয়া হবে। ভারতবর্ষের সংবিধান যারা প্রণেতা সেই সাংসদ, বিধায়কদের মুখে এই ধরনের কথা মানায় না। আমরা বিজেপির পক্ষ থেকে জানতে চাইছি, এই কথা যদি কোন বিজেপির নেতা বলতেন তাহলে সে জেলে থাকতো, নিশীথ মালিককে কেন এখনো জেলে ভরা হয়নি।’

দুর্গাপুরে ছটপুজোয় সামিল মন্ত্রী ও সাংসদ

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: প্রতি বছরের মতো এবারও শহরের বিভিন্ন ঘাটে পালিত হল আস্থা, বিশ্বাস ও ভক্তির উৎসব ছট পুজো। নারী, পুরুষ নির্বিশেষে সবাই হাতে দুধ, গঙ্গা জল, ধূপ আর আরতির থালা নিয়ে পা রাখেন জলাশয়ের পাড়ে। সবচেয়ে বেশি ভিড় দেখা গেল দুর্গাপুরের মোহন কুমারমঙ্গলম পার্কের ঘাটে। উপচে পড়া ভক্তদের ভিড়ে কার্যত উৎসবের রূপ নিয়েছিল গোটা এলাকা। পার্কের চারদিক সেজে ওঠে আলোকসজ্জায়, বাজছে ভক্তিমূলক সংগীত, ছট পুজোর সঙ্গে মিলেমিশে তৈরি হয়েছিল এক অনন্য সাংস্কৃতিক পরিবেশ। ভিড় সামলাতে প্রশাসনের পক্ষ থেকে ছিল কড়া নিরাপত্তা ব্যবস্থা। পুলিশ, সিভিল ডিফেন্স ও স্বেচ্ছাসেবীরা একযোগে নজরদারি চালান শহরের প্রধান ঘাট ও পার্কে। ড্রোনের মাধ্যমে আকাশপথে নজরদারি এবং ব্যারিকেডিং করে জনস্রোত নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়। উপস্থিত ছিলেন তৃণমূল সাংসদ কীর্তি আজাদ, রাজ্যের পঞ্চায়েত, গ্রামোন্নয়ন ও সমবায় মন্ত্রী প্রদীপ মজুমদার, দুর্গাপুরের প্রশাসনিক আধিকারিক এবং স্থানীয় জনপ্রতিনিধিরা। সাংসদ ও মন্ত্রী দুইজনেই প্রণাম জানিয়ে শহরবাসীর মঙ্গল কামনা করেন। মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, ‘ছট পুজো মানে কৃতজ্ঞতার উৎসব। সূর্যদেবকে প্রণাম জানানোর পাশাপাশি এ উৎসব আমাদের একতার প্রতীক।’ দুর্গাপুরের বিভিন্ন প্রান্তে, বেনাচিতি, ইস্পাত নগরী, সিটি সেন্টার, ও নিউ টাউনশিপ থানা এলাকার ঘাটগুলোতেও ছিল বিপুল ভিড়। কোথাও নারী ভক্তরা পা ডুবিয়ে প্রার্থনায় মগ্ন, কোথাও বাচ্চাদের হাসি আনন্দে গুনগুন করছে সূর্যাস্তের সেই পবিত্র সন্ধ্যা।



৪৬ বছরে পদার্পণ করল ভদ্রেশ্বরের লিবারিটি রোডের উপর অবস্থিত প্রদীপ সংঘ জগদ্ধাত্রী পুজো কমিটির জগদ্ধাত্রী উৎসব।

পানাগড়ে কড়া নজরদারিতে নির্বিঘ্নে মিটল ছটপুজো

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: প্রতি বছরের মত এবছরও মহাধুমধামে ছট পুজোর আয়োজন করা হয়েছিল পানাগড় স্টেশন সংলগ্ন রেল পুকুরে। ছট পুজো কমিটির সদস্যদের দাবি, এবছর ছট পুজো দিতে আসেন প্রায় ১৫ হাজারের বেশি মানুষ। এবছর এই পুজোর আয়োজন ৫৫ বছরে পা দিয়েছে। এদিন ছট ঘাটে অন্যান্য ধর্মের মানুষেরাও পুজো দেখতে ভিড় করেছিলেন। কমিটির সদস্যরা জানিয়েছেন, সমস্ত রকমের ব্যবস্থা রেখেছিলেন তাঁরা। গত কয়েক বছর আগে ছটপুজোর সময় বেশ কয়েকজনের মূল্যবান সামগ্রী চুরি হয়ে গিয়েছিল। তারপর থেকে গত এলাকায় সিসিটিভি ক্যামেরায় নজরদারি চালানোর পাশাপাশি গোটা এলাকায় রেল পুলিশ ও কাঁকসা থানার পুলিশের কড়া নজরদারি ছিল। মঙ্গলবার সকালে, ফের পুজো দিতে ভিড় করবেন হিন্দিভাষী মানুষেরা। তবে তার আগে সোমবার রাত থেকেই প্রস্তুতিপর্ব শুরু করে দেন কমিটির সদস্যরা। এদিন এই ছটঘাটে পুজো দেখতে হাজির হয়েছিলেন, কাঁকসার এসিপি আয়ুষ পাণ্ডে, কাঁকসা থানার আইসি প্রসূন

খাঁ, কাঁকসা ট্রাফিক গার্ডের ওসি অনুপ কুমার হাতি, পানাগড় আরপিএফ পোস্টের ওসি, জেলা পরিষদের সদস্য সমির বিশ্বাস, কাঁকসা পঞ্চায়েত সমিতির সভাপতি ভবানী ভট্টাচার্য, কাঁকসা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান নাসিম হায়দার মল্লিক-সহ অন্যান্যরা। এদিন ছট পুজোর ঘাটে ইসকনের ভক্তরা শ্রীকৃষ্ণের মূর্তি রেখে পূজার্চনার পাশাপাশি খোল করতাল নিয়ে ভক্তিগীতিতে মেতে ওঠেন। গোটা পুকুর চত্বর এদিন উৎসবমুখর পরিবেশে পরিণত হয়।

ছটপুজোয় মাতল জঙ্গলমহল

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: ঝাড়গ্রামে ধুমধামের সঙ্গে পালিত হচ্ছে ছট পুজো। জঙ্গলমহলের বিভিন্ন প্রান্তে, বিশেষ করে ঝাড়গ্রামের পুকুর, নদী ও ঘাটগুলিতে এবারও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে এই প্রাচীন আচার। বহু বছর ধরে ঝাড়গ্রামে বসবাসকারী অবাঙালি সম্প্রদায়ের মানুষজন এই পুজোর ঐতিহ্য বজায় রেখে আসছেন। তবে এখন আর শুধুমাত্র অবাঙালিদের মধ্যেই সীমাবদ্ধ নেই। বাঙালিরাও সমান উৎসাহে অংশ নিচ্ছেন প্রতি বছর। এবারও ঝাড়গ্রামের সাতপাটি কংসাবতী নদীর পাড়ে হাজার মানুষের সমাগমে ছট পুজোর অনন্য দৃশ্য দেখা গেছে। এই পুজোয় মূলত সূর্যদেবের আরাধনা করা হয়। সূর্যাস্তের সময় পুণ্যার্থীরা অস্তগামী সূর্যের উদ্দেশ্যে প্রার্থনা করেন, আর পরদিন ভোরে সূর্যোদয়ের সময় পুনরায় আরাধনা করে পুজো সম্পূর্ণ করেন। দু'দিন ধরে চলে এই আচারানুষ্ঠান। নদীতে স্নান করে, ফল ও প্রসাদ হাতে নিয়ে, নদীর জলে দাঁড়িয়ে পুন্যার্থী মহিলারা সূর্যদেবকে অর্ঘ্য নিবেদন করেন। সূর্য উপাসনায় ভক্তিতে মেতে ওঠেন পূণ্যার্থীরা।

২৭শে অক্টোবর সিঙ্গুর রতনপুর উদয় সংঘের জগদ্ধাত্রী পুজোর শুভ উদ্বোধন হল। উদ্বোধন করলেন স্বামী দেবপ্রিয়ানন্দ, অধ্যক্ষ আটপুর মঠ রামকৃষ্ণ মিশন সভাধিপতি-রঞ্জন ধাড়া, সভাধিপতি হুগলি জেলা পরিষদ, এছাড়া উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না, বিধায়ক ডা. করবী মান্না, অভিনেত্রী পূজারিণী ঘোষ এবং অভিনেতা সোহেল দত্ত।

১০০ দিনের কাজের পাওনা টাকার লড়াইয়ে রাজ্যের জয়: কীর্তি যাদব

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: সোমবার হাই কোর্টের রায়কে মান্যতা দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত। ১০০ দিনের কাজের রাজ্যের বকেয়া টাকার দাবি নিয়ে মমতা বন্দোপাধ্যায়ের দীর্ঘ দিনের লড়াই ছট পুজোর শুভ দিনে জয় হল বলে দাবি করলেন বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের সাংসদ কীর্তি আজাদ। তিনি বলেন, ‘রাজ্যের মুখ্যমন্ত্রী সবধর্মকে সম্মান করেন। তাই ছট পুজোর সময় বাংলার মানুষের জন্য দু'দিনের ছুটি দেন। সূর্য দেবতা খুশি হয়ে ১০০ দিনের কাজের চলা মামলায় সুপ্রিম কোর্ট থেকে টাকা দেওয়ার আদেশ আদায় দেওয়া করিয়ে দিয়েছেন। যে দরিদ্র মানুষের নিজেদের হকের টাকা ২০২২ সাল থেকে নরেন্দ্র মোদির জমিদারি মনে করা কেন্দ্র সরকার আটকে রেখেছিল। তা পাওয়ার ব্যবস্থা হল। আগামী নির্বাচনেও একইভাবে বিজেপি হারবে। এই জিত বাংলার মানুষের। এই জিত মমতা বন্দোপাধ্যায়ের।’ সোমবার পানাগড়ে ছট পুজোর ঘটে আসেন সাংসদ। এদিন পানাগড়ের হিন্দি সাংস্কৃতিক পরিষদের পক্ষ থেকে তাঁকে সংবর্ধনা দেওয়া হয়। এদিন ছট ঘাট পরিদর্শন করে ঘোষণা করেন, সাংসদ তহবিল থেকে পানাগড়ের মানুষের জন্য রেল পুকুরে ৮০ ফুট পাকা ঘাট বানানোর ব্যবস্থা করবেন। এই বিষয়ে তিনি রেল দপ্তরের কাছে গিয়ে লড়াই করবেন। পরে আরও কিছু জায়গা ব্যবস্থা করে ঘাট বানানোর ব্যবস্থা করবেন।

বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, হাড়োয়া: বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল বিবেকানন্দ পাত্র নামে বছর ৩৩-এর এক যুবকের। ঘটনাকে কেন্দ্র করে পরিবার-সহ এলাকায় শোকের ছায়া। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার হাড়োয়া থানার মোহনপুর চণ্ডী বাড়ি গ্রামে। পরিবার সূত্রে জানা গেছে, ৩৩ বছরের যুবক বিবেকানন্দ পাত্র নিজের ঘরের মধ্য আচমকা বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে পড়ে থাকতে দেখে পরিবারের সদস্যরা। দ্রুত তাঁকে উদ্ধার করে হাড়োয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা বিবেকানন্দকে মৃত বলে ঘোষণা করেন। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে হাড়োয়া থানার পুলিশ। যুবকের অকাল মৃত্যুতে পরিবারের পাশাপাশি এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কিশোরীদের স্বনির্ভরে উদ্যোগ

নিজস্ব প্রতিবেদন, বহরমপুর: গ্রামীণ এলাকার কিশোরীদের স্বনির্ভর করতে এগিয়ে এসেছে জবালা অ্যাকশন রিসার্চ অর্গানাইজেশন। সংস্থার উদ্যোগে ও সহযোগী সংস্থার সহযোগিতায় মুর্শিদাবাদ জেলার বিভিন্ন প্রত্যন্ত গ্রামের পিছিয়ে পড়া পরিবারের কিশোরী এবং সারভাইভরদের স্বনির্ভর করতে ‘ফার্মিং ট্রেনিং’এর আবেদন। এর আগে দু'দফায় এই প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কর্তৃপক্ষের দাবি, যারা এর আগে প্রশিক্ষণ নিয়েছে, তারা ইতিমধ্যে হাঁস প্রতিপালন করে উপার্জন শুরু করেছে। বহু কিশোরী এগিয়ে আসছে। তৃতীয় দফায় কিশোরীদের আবাসিক হিসেবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে বহরমপুরে। মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সামাজিক কাজের সঙ্গে যুক্ত রয়েছে জবালা অ্যাকশন রিসার্চ অরগানাইজেশান। এবার ওই সংস্থা কর্মসংস্থান ও উপার্জনের দিশা দেখাচ্ছে। একজন সার্ভাইভার আমি টিনা খাতুন (নাম পরিবর্তিত) বলেন, ‘এই ধরনের উদ্যোগ আমায় খুব আকৃষ্ট করে এবং আমি ট্রেনিংয়ে অংশগ্রহণ করি। আমার মনে হয়েছে এখন থেকে আমি কিছু উপার্জন করে এগিয়ে যেতে পারব।’ এভাবে প্রশিক্ষণ দিয়ে আগামী এক বছরের মধ্যে ১০০ পরিবারকে স্বনির্ভর করে তুলে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্য রয়েছে বলে জানান সংস্থার আধিকারিকরা।

বাগনানে ছটপুজো

নিজস্ব প্রতিবেদন, বাগনান: ছট পুজোয় মেতেছে হাওড়ার গ্রামীণ এলাকা। সোমবার হাওড়ার বাগনান কাপালী পাড়ায় কয়েকশো মানুষ উপস্থিত হন এই পুজো উপলক্ষ্যে। মহিলারা রীতি মেনে অংশ নেন এই ছট পুজোয়।



পুলিশি প্রহরায় মহিলারা সন্ধ্যা স্নান সেড়ে ছট দেবীকে অর্ঘ্য উৎসর্গ করেন। পাশাপাশি চলে ছট দেবীর আরাধনা। উপস্থিত ছিলেন বাগনান এক বিডিও মানস গিরি, বাগনান থানার আইসি অভিজিৎ দাস, পঞ্চায়েত সমিতির সভাপতি মৌসুমী সেন, বাগনান ১ গ্রাম পঞ্চায়েতের প্রধান বিকাশ চৌধুরী প্রমুখ। উল্লেখ্য যেদিন হাওড়া গ্রামীণ এলাকায় চেঙ্গাইল উলুবেড়িয়াতেও পালিত হয় ছট পুজো।

মুণ্ডেশ্বরী নদী থেকে দেদারে বালি চুরি আরামবাগে, প্রশাসনের ভূমিকায় ক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: প্রশাসনের নির্দেশকে বুড়ো আঙুল দেখিয়ে বালি পাচারের অভিযোগ উঠল আরামবাগের আরাণ্ডী ২ নম্বর অঞ্চলের মুণ্ডেশ্বরী নদীতে। নদীর বুক থেকে দেদার বালি চুরি অভিযোগ গ্রামবাসীদের। প্রশাসনের উদাসীনতায় এই বেআইনি কাজ চলছে বলে অভিযোগ। আসলে গ্রামের লোককে ভুল বুঝিয়ে শতাধিক ট্রাক্টরে করে প্রকাশ্যে দিবালোকে পাচার হয়ে যাচ্ছে বালি ও মাটি। যদিও, শাসক দল ও প্রশাসন বালি চুরি নিয়ে মুখে কুলুপ এঁটেছে। তাদের যুক্তি এখন পর্যন্ত তাদেরকে কেউ লিখিত অভিযোগ জানায়নি। জানা গেছে, সরকারি নির্দেশ অনুযায়ী মুণ্ডেশ্বরী নদীতে ডেইজিংয়ের কাজ চলছে। ওয়াক অর্ডার অনুযায়ী কাজটা না করে দেদারে বালি ও মাটি ট্রাক্টরে করে রাতের অন্ধকারে পাচার হয়ে যাচ্ছে বলে গ্রামের মানুষ অভিযোগ করছেন। গ্রামের মানুষের দাবি, বন্যা নিয়ন্ত্রণের জন্য নদী সংস্কারের কাজ করা হচ্ছে বলে প্রচার করা হলেও, আসলে পর্দার আড়ালে বালি ও মাটির পাচারের কাজ চলছে। নদী বাঁধ ভাঙা পড়ে থাকলেও সেখানে বালি ও মাটি না ফেলে ট্রাক্টরে করে রাতের অন্ধকারে বালি ও মাটি পাচার করা হচ্ছে বলে অভিযোগ। এই জন্য আরাণ্ডী ২ নম্বর অঞ্চলের গোগরা

এলাকার মানুষ ক্ষোভ প্রকাশ করেন। এ বিষয়ে স্থানীয় গ্রামবাসী সনজিৎ মেটে বলেন, ‘নদীর পলি পরিষ্কার করার কথা। কিন্তু গাড়ি গাড়ি বালি ও মাটি নিয়ে চলে যাচ্ছে। কোথায় যাচ্ছে জানি না। অথচ নদীর বাঁধের একটুও কাজ হয়নি।’ আর বিরোধীদের অভিযোগ, আরামবাগের গোবরা এলাকায় মুণ্ডেশ্বরীর শাখা খাল থেকে প্রশাসন ও শাসকদলের মদতেই বালি চুরি চলছে। আরামবাগের বিজেপি বিধায়ক মধুসূদন বাগ বলেন, ‘সারা পশ্চিমবঙ্গটাই তো চোরেদের হাতে রয়েছে। তাহলে বালি চুরি তো হবেই। বিএলআরও থেকে বিডিও নাকে সর্ষের তেল দিয়ে ঘুমাচ্ছেন। আসলে ডাল মে কুচ কালা হ্যায়। বালি মাফিয়ারা সব নিয়ন্ত্রণ করছে। আমরা এর প্রতিবাদে আন্দোলন করব।’ এই বিষয়ে আরামবাগ পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার সাংবাদিকদের কাছে স্বীকার করেন বালি চুরির বিষয়টি। তিনি বলেন, ‘বালি চুরি নয়, ডাকাতি হচ্ছে। অনেকবার প্রতিবাদ করেছি।’ আরামবাগের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক শর্মিষ্ঠা মুখার্জি বলেন, ‘এই বিষয়ে কিছু জানি না। ডিপার্টমেন্ট আমাকে কিছু জানায়নি। তাই আগ বাড়িয়ে কিছু মন্তব্য করব না।’ অপরদিকে আরাণ্ডী ২ নম্বর অঞ্চলের প্রধান সুফিয়া বেগম বলেন, ‘বালি চুরি বিষয়ে কোনো খবর পাইনি। কাজ হচ্ছে শুনেছি। আমাদেরকে কোনও কিছু জানানো হয়নি।’ তহলে প্রশ্ন উঠছে, গ্রামের মানুষের চোখের সামনে গাড়ি গাড়ি বালি চুরি হচ্ছে। অথচ প্রশাসনের একাংশ জানে না কেন? তাহলে কি কোনও রহস্য আছে? সবমিলিয়ে বালি ও মাটি চুরি নিয়ে ক্ষুব্ধ এলাকার মানুষজন।

বর্ষীয়ান চিত্র সাংবাদিকের অকালপ্রয়াণ হাবড়ায়

নিজস্ব প্রতিবেদন, হাবড়া: বর্ষিয়ান চিত্র সাংবাদিকের অকাল প্রয়াণে শোকাহত সংবাদমাধ্যমের সহ-কর্মীরা। মৃত সাংবাদিক প্রদীপ দাস (৫৬) মছলন্দপুরের বাসিন্দা হলেও কয়েক বছর ধরে নিজের ও স্ত্রীর কাজের সুবিধার্থে হাবড়া এলাকাতে থাকতেন। দীর্ঘ প্রায় তিন দশক ধরে বিভিন্ন ইলেকট্রনিক্স এবং প্রিন্ট মিডিয়ার সঙ্গে চিত্র সাংবাদিক হিসেবে যুক্ত ছিলেন তিনি। বেশ কয়েক বছর হল তার ডায়াবেটিস ধরা পড়েছিল। সম্প্রতি হার্ট ও কিডনির সমস্যা দেখা দেয়। শুক্রবার বারাসাতের একটি বেসরকারি নার্সিংহোমে শারীরিক অসুস্থতার কারণে তাঁকে ভর্তি হতে হয়। শনিবার রাত বারোটা চল্লিশ নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। হাবড়া থানার ভারপ্রাপ্ত অধিকারিক-সহ বেশ কয়েকজন পুলিশ কর্মীও তাঁর শেষযাত্রায় উপস্থিত ছিলেন। প্রদীপের দেহ রবিবার বিকেলে তাঁর হাবড়া ও মছলন্দপুরের বাড়িতে নিয়ে যাওয়া হয়। এইদিন রাতেই গোবরডাঙা শ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়।